



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
(www.barisalboard.gov.bd)

স্মারক নং: বশিবো/পনি/ ১৫৬৮

তারিখ: ২৩/৫/২৬

বিষয়ঃ এসএসসি ২০২৬ পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বহিষ্কার ও অনুপস্থিত তথ্য অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি ২০২৬ পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বহিষ্কার ও অনুপস্থিত শিক্ষার্থীদের তথ্য বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলে অনলাইনের মাধ্যমে প্রেরণের জন্য পূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

তথ্য প্রেরণের জন্য বোর্ডের ওয়েবসাইটের ডান পাশে panel link এ “SSC 2026 Centre Panel” এ ক্লিক করে অথবা নিম্নের লিংকে প্রবেশ করতে হবে—

<https://www.barisalboard.gov.bd/ssccenterlogin/login>

দুঃখের বিষয়, এখনও অনেক কেন্দ্র উক্ত তথ্য অনলাইনে প্রেরণ করেনি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ায় সংশ্লিষ্ট সকল কেন্দ্রকে অতি দ্রুত প্রয়োজনীয় তথ্য নির্ভুলভাবে অনলাইনে প্রেরণের জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।

নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ না করলে উদ্ভূত জটিলতার দায় সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষকে বহন করতে হবে।

বিষয়টি জরুরি হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৩.০৫.২০২৬
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল